Subject ⇒ Political Science
Semester ⇒ IV
Course ⇒ Human Rights, Gender and Environment
Code ⇒ POL-H-GE-T-2 (GE)
Teacher's name ⇒ Subrata Adhikary

Short Question (Marks ⇒ 2)
Chapter ⇒ II (Human Rights)

① মানবাধিকার বলতে কী বোঝো?

Ans:- মানবাধিকার হল এমন এক অধিকার যা প্রতিটি মানুষের পূর্ণাঙ্গ বিকাশের, তার মর্যাদা ও যোগ্যতা রক্ষার ও বৃদ্ধিতে সর্বপ্রকারে সাহায্য করে। 'মানুষ' হিসেবে স্বাভাবিক যোগ্যতায় প্রাপ্য স্বাভাবিক বা জন্মগত অধিকারগুলিকে মানবাধিকার বলে।

② 'মানবাধিকার সংক্রান্ত বিশ্ব ঘোষণাপত্র' কবে গৃহীত হয়?

Ans:- আন্তর্জাতিক মানবাধিকার কমিশনের উদ্যোগে 1948 সালে 10 ডিসেম্বর জাতিপুঞ্জের সাধারণ সভায় মানবাধিকার সংক্রান্ত বিশ্ব ঘোষণাপত্র গৃহীত হয়।

③ মানবাধিকারের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

Ans:- মানবাধিকারের দুটি বৈশিষ্ট্য হল —
(i) মানবাধিকার সার্বজনীন, অর্থাৎ পৃথিবীর সকল মানুষ জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে এই অধিকার গুলি ভোগ করে।

Scanned with CamScanner

(ii) মানবাধিকারগুলি অলঙ্ঘনীয় ও পবিত্র, এগুলি নৈতিক অধিকার মানুষের মনুষ্যত্বের দাবিতেই সকল মানুষের মধ্যে বর্তমান।

④ মানবাধিকার ও মৌলিক অধিকারের মধ্যে দুটি পার্থক্য লেখ।

উত্তরঃ মানবাধিকার ও মৌলিক অধিকারের মধ্যে দুটি পার্থক্য হল—

(i) মানবাধিকার জাতীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রেই স্বীকৃতি পায়। কিন্তু অধিকার জাতীয় ক্ষেত্রে নিজ নিজ রাষ্ট্রীয় ভূখণ্ডের মধ্যে স্বীকৃতি পায়।

(ii) সকল মানুষের মনুষ্যত্বের অধিকার রক্ষার মধ্য দিয়ে মানবাধিকার প্রতিষ্ঠিত হয়, তাই মানবাধিকার সার্বজনীন, কিন্তু অধিকার নির্দিষ্ট কেবল ব্যক্তি যা দেশের নাগরিকদের জন্য প্রযোজ্য।

⑤ ভারতে মানবাধিকার আইন কবে প্রণীত হয়?

উত্তরঃ ভারতীয় সংসদ 1993 সালে মানবাধিকার আইন অনুমোদন করে, তবে এই আইন রাষ্ট্রপতির স্বাক্ষর লাভ করে 1994 সালের ৮ জানুয়ারী।

⑥ ভারতে মানবাধিকার সংক্রান্ত কয়েকটি আইনের উল্লেখ কর।

উত্তরঃ ভারতের মানবাধিকার সংক্রান্ত কয়েকটি আইন হল—

(i) তফশিলী জাতি ও উপজাতি (নির্যাতন নিরোধ) বিধি, 1989, (ii) শিশু-শ্রমিক (নিষিদ্ধকরণ ও নিয়ন্ত্রণ) আইন 1986, (iii) পৌর অধিকার সংরক্ষণ বিধি 1955, (iv) যৌতুক প্রতিরোধ আইন (1978) ইত্যাদি।

(৩) জাতীয় মানবাধিকার কমিশন কীভাবে গঠিত হয়?

Ans: মানবাধিকার রক্ষা আইনের ৫ নং ধারা অনুসারে জাতীয় মানবাধিকার কমিশন ৪(চার) জন সদস্য নিয়ে গঠিত হয়, এই ৪ জন সদস্য হল চেয়ারপার্সন সুপ্রিমকোর্টের একজন প্রাক্তন প্রধান বিচারপতি, অন্যান্য সদস্যরা হলেন সুপ্রিমকোর্টের কর্মরত বা অবসর প্রাপ্ত একজন বিচারপতি, একজন হাইকোর্টের কর্মরত বা অবসরপ্রাপ্ত বিচারপতি, মানবাধিকার সম্পর্কে বিশেষ জ্ঞান রয়েছে এমন দুজন ব্যক্তি এবং জাতীয় সংখ্যালঘু কমিশন, জাতীয় মহিলা কমিশন ও জাতীয় তফসিলি জাতি ও উপজাতি কমিশনের চেয়ারপার্সনগণ পদাধিকারবলে এই কমিশনের সদস্য হন।

(৪) জাতীয় মানবাধিকার কমিশনের ক্ষমতা ও কার্যাবলীর যেকোন দুটি উল্লেখ কর।

Ans: জাতীয় মানবাধিকার কমিশনের দুটি কাজ হল — (i) জাতীয় মানবাধিকার কমিশন কোনো আদালতের বিচারাধীন মানবাধিকার লঙ্ঘনের অভিযোগের সঙ্গে জড়িত বিষয়ে সংশ্লিষ্ট আদালতের অনুমোদন নিয়ে হস্তক্ষেপ করতে পারে,

(ii) সংবিধান বা আইনে কার্যকরী মানবাধিকার রক্ষার প্রয়োজনীয় রক্ষাকবচগুলি পর্যালোচনা করা এবং সেগুলির যুক্ত রূপায়নের ব্যাপার সম্পর্কে সুপারিশ করা।

Scanned with CamScanner

(9) ভারতে মানবাধিকার সংরক্ষণের জন্য সংবিধানে কী ব্যবস্থা নেওয়া হয়েছে?

উত্তরঃ- ভারতে মানবাধিকার সংরক্ষণের জন্য - (i) ভারতের সংবিধানের তৃতীয় অংশে মৌলিক অধিকারগুলি লিপিবদ্ধ করা হয়েছে। (ii) ভারতের সংবিধানের চতুর্থ অংশে নির্দেশমূলক নীতির সংযোজন করা হয়েছে।

(10) পশ্চিমবঙ্গে মানবাধিকার কমিশন কবে প্রতিষ্ঠিত হয়? এটি কয় সদস্য বিশিষ্ট?

উত্তরঃ- পশ্চিমবঙ্গ মানবাধিকার কমিশন 1995 সালে প্রতিষ্ঠিত হয়, এটি 3 সদস্যবিশিষ্ট।

(11) মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্রে বর্ণিত অধিকারগুলি কী কী?

উত্তরঃ- মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্রে উল্লিখিত অধিকারগুলি হল - (i) পৌর ও রাজনৈতিক অধিকারসমূহ, (ii) অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সমূহ, এছাড়াও স্বাভাবিক অধিকারকে স্বীকৃতি দেওয়া হয়েছে।

(12) মানবাধিকার ঘোষণাপত্রের কত নং ধারায় পৌর ও রাজনৈতিক অধিকার বর্ণিত হয়েছে?

উত্তরঃ- মানবাধিকার ঘোষণাপত্রের 2-21 নং ধারায় পৌর ও রাজনৈতিক অধিকারসমূহ বর্ণনা করা হয়েছে।

Scanned with CamScanner

(13) মানবাধিকার ঘোষণাপত্রের কত নং ধারায় আর্থ-সামাজিক-সাংস্কৃতিক অধিকার বর্ণিত হয়েছে?

Ans:- মানবাধিকার ঘোষণাপত্রের ২২-২৭ নং ধারায় আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক অধিকারের কথা বলা হয়েছে।

(14) আর্থ-সামাজিক-সাংস্কৃতিক অধিকারগুলি কী কী?

Ans:- কর্মের অধিকার, সমান কাজের জন্য সমান বেতন, শিক্ষার অধিকার, জীবনযাত্রার উপযুক্ত মানের অধিকার ইত্যাদি হল আর্থ-সামাজিক-সাংস্কৃতিক অধিকার।

(15) পৌর ও রাজনৈতিক মানবাধিকারগুলি উল্লেখ কর।

Ans:- কয়েকটি পৌর ও রাজনৈতিক মানবাধিকার হল — জীবন, স্বাধীনতা ও ব্যক্তিগত নিরাপত্তা, দাসত্ব ও নিপীড়ন থেকে মুক্তি; আইনের চোখে সমানাধিকার; চিন্তা, বিবেক, ধর্ম ও মতামত প্রকাশের স্বাধীনতা; শান্তিপূর্ণ সমাবেশ ও সংগঠনের অধিকার ইত্যাদি।

(16) মানবাধিকার সংক্রান্ত বিশ্ব ঘোষণাপত্র কী?

Ans:- মানবাধিকার সংক্রান্ত বিশ্ব ঘোষণাপত্র হল এমন একটি আন্তর্জাতিক দলিল যা সুনির্দিষ্ট মানবাধিকার ও রক্ষার জন্য বিভিন্ন নীতি রচনা করেছে। যেটি 1948 সালের 10 ই ডিসেম্বর সম্মিলিত জাতিপুঞ্জের সাধারণ সভায় গৃহীত হয়।

Scanned with CamScanner

(17) ভারতে সংঘটিত যেকোন দুটি মানবাধিকার আন্দোলনের নাম লেখ।

উত্তর: চিপকো আন্দোলন, নর্মদা বাঁচাও আন্দোলন,

(18) ভারতে মানবাধিকার সংরক্ষণের প্রতিবন্ধকতাগুলির যেকোন দুটির উল্লেখ কর।

উত্তর: ভারতে মানবাধিকার সংরক্ষণের প্রতিবন্ধকতাগুলি হল — (i) ভারতে জনসাধারণের গণতান্ত্রিক অধিকার-সমূহের উপর মাত্রাতিরিক্ত নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে,

(ii) ভারতের কিছু সামাজিক রীতি এবং জাতপাত এবং পক্ষপাতমূলক, নারী নির্যাতন, দারিদ্র্য প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য,

(19) ক্রেতা সুরক্ষা আইনের দুটি উদ্দেশ্য লেখ,

উত্তর:- ক্রেতা সুরক্ষা আইনের দুটি উদ্দেশ্য হল —
(i) জীবন ও সম্পত্তির পক্ষে ক্ষতিকারক দ্রব্যের বাজারিকরণ থেকে সুরক্ষা প্রদান,

(ii) যে কোন দ্রব্যের মূল্য, গুণমান, পরিমাণ সম্পর্কে অবগত হওয়া, যাতে ক্রেতা অসাধু ব্যবসায়ীর শিকারে পরিণত না হয়।